

তারিখঃ ১২-১২-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষ স্থানীয় ১৩টি ক্লাব যথাক্রমে: বসুন্ধরা কিংস, আবাহনী লিমিটেড, শেখ রাসেল ক্রীড়া চক্র লিমিটেড, সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ, আরামবাগ ক্রীড়া সংঘ, লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, চট্টগ্রাম আবাহনী লিমিটেড চট্টগ্রাম, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, রহমতগঞ্জ এমএফএস, ব্রাদার্স ইউনিয়ন লিমিটেড, বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব এবং উত্তর বারিধারা ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে 'ফেডারেশন কাপ ২০২০' এর খেলা আগামী ২২-১২-২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

এ উপলক্ষে উক্ত প্রতিযোগিতার 'লোগো উন্মোচন' ও 'ড্র' অনুষ্ঠান আগামীকাল ১৩-১২-২০২০ তারিখ রবিবার দুপুর ১২:০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলাস্থ কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত 'লোগো উন্মোচন' ও 'ড্র' অনুষ্ঠানে সকল ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সকল সম্মানীত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিকবৃন্দকে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।